

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
গবেষণা ও বৃত্তি শাখা  
[www.ictd.gov.bd](http://www.ictd.gov.bd)

নম্বর ৫৬.০০.০০০০.০২৮.১৭.০৬৭.১৬.১৮

তারিখ ১১ ফাল্গুন ১৪২৭  
২৪ ফেব্রুয়ারি ২০২১

সংশোধিত বিজ্ঞপ্তি

বিষয়: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক চলতি ২০২০-২১ অর্থবছরে গবেষণার জন্য ফেলোশিপ ও বৃত্তি প্রদান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ক্ষেত্রে উত্তাবনীমূলক কাজে উৎসাহ প্রদানের জন্য ব্যক্তি/প্রতিষ্ঠানকে অনুদান এবং বিশেষ অনুদান প্রদানের লক্ষ্যে সংশ্লিষ্টদের নিকট হতে আবেদনপত্র আহ্বান।

“তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে গবেষণার জন্য ফেলোশিপ ও বৃত্তি প্রদান এবং উত্তাবনীমূলক কাজের জন্য অনুদান প্রদান সম্পর্কিত (সংশোধিত) নীতিমালা-২০১৬” অনুযায়ী তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক চলতি ২০২০-২১ অর্থবছরে ৩য় রাউন্ডে ফেলোশিপ/বৃত্তি প্রদান, আইসিটি ক্ষেত্রে উত্তাবনীমূলক কাজে অনুদান এবং বিশেষ অনুদান প্রদানের লক্ষ্যে নীতিমালায় বর্ণিত যোগ্যতা সম্পর্ক বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে (দেশে/বিদেশে) অধ্যয়নরত বাংলাদেশী শিক্ষার্থী, গবেষক এবং প্রত্যাশী ব্যক্তি/প্রতিষ্ঠানসমূহের নিকট থেকে অনলাইনে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

০২। অনলাইনে আবেদনপত্র দাখিল, বাছাই ও মূল্যায়নের সম্ভাব্য সময়সীমা নিম্নরূপ:

রাউন্ড	অনলাইনে আবেদনপত্র দাখিলের সর্বশেষ সময়	বাছাই ও মূল্যায়নের সম্ভাব্য সময়	মন্তব্য
৩য়	১৫ মার্চ ২০২১	এপ্রিল/২০২১	সংশোধিত

০৩। এ সংক্রান্ত নীতিমালাসহ অনলাইনে আবেদনপত্র দাখিলের লিংক [ims.ictd.gov.bd](http://ims.ictd.gov.bd) হতে বিস্তারিত জানা যাবে ও Online এ আবেদনপত্র দাখিল করা যাবে। সরাসরি আবেদনপত্র দাখিল নিরুৎসাহিত করা যাচ্ছে।

০৪। নীতিমালার সাথে সঙ্গতিপূর্ণ নয় এমন আবেদনপত্র গ্রহণযোগ্য/বিবেচিত হবে না।

০৫। কর্তৃপক্ষ যে কোন সময় এ বিজ্ঞপ্তি বাতিল, পরিবর্তন ও পরিবর্ধনের ক্ষমতা রাখে।

*Rahnuma*

২৭-২-২০২১

ইসরাত জাহান

উপসচিব

সদয় অবগতি ও কার্যাত্মে প্রেরণ করা হল:

১) সকল মন্ত্রনালয়/বিভাগ

২) বিভাগীয় কমিশনার (সকল)

৩) চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্চুরী কমিশন, আগারগাঁও, ঢাকা (যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের অনলাইনে  
আবেদনপত্র দাখিলের বিষয়ে সংশ্লিষ্টদের নির্দেশনা/উৎসাহ প্রদান এবং তাঁর কার্যালয়ের ওয়েবসাইট ও নোটিশ বোর্ডে  
প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)।

৪) বিভাগীয় প্রধান, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ/ইনসিটিউট অব ইনফরমেশন টেকনোলজি/ ইনসিটিউট  
অব ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি, .....(যোগ্যতাসম্পন্ন  
প্রার্থীদের অনলাইনে আবেদনপত্র দাখিলের বিষয়ে সংশ্লিষ্টদের নির্দেশনা/উৎসাহ প্রদান এবং তাঁর কার্যালয়ের ওয়েবসাইট  
ও নোটিশ বোর্ডে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)।

৫) জেলা প্রশাসক (সকল)

৬) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (মাননীয় প্রতিমন্ত্রীর সদয়  
অবগতির জন্য)।

৭) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

৮) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিস্টেম ডেভেলপমেন্ট এবং অপারেশন অধিশাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
(বিজ্ঞপ্তি বিভাগের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।